



চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

Chattogram Water Supply & Sewerage Authority
WASA Office Building, Dampara, Chattogram, Bangladesh
Phone: 88 02333351806, email: mdcwasa@gmail.com

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি

জনস্বার্থে গণবিজ্ঞপ্তি

চট্টগ্রাম শহর গড়ে উঠেছে কর্ণফুলী ও হালদা নদীকে ঘিরে। চট্টগ্রাম মহানগরীর অর্থনৈতিক অগ্রগতি ও সুপেয় পানি সরবরাহের জন্য এ দুটি নদীর গুরুত্ব অপরিসীম। মহানগরীর বাসাবাড়ীর রান্নাঘর, গোসলখানা ও সেপটিক ট্যাংক হতে নির্গত তরল বর্জ্য সরাসরি নালা ও খাল প্রবাহিত হয়ে এ দুটি নদী প্রতিনিয়ত দূষণের শিকার হচ্ছে। সে সাথে পরিবেশ দূষিত হচ্ছে যা জনস্বাস্থ্যের জন্য প্রতিনিয়ত হুমকির কারণ হচ্ছে। তাই এদুটি নদীকে বাঁচাতে এবং দূষণের হাত থেকে পরিবেশকে রক্ষা করার লক্ষ্যে বাংলাদেশ সরকার সমগ্র চট্টগ্রাম শহরে পরিকল্পিত ও নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। এর ধারাবাহিকতায় চট্টগ্রাম ওয়াসার মাধ্যমে “চট্টগ্রাম মহানগরীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপন প্রকল্প (১ম পর্যায়)” শীর্ষক একটি স্যানিটেশন প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় চট্টগ্রাম ওয়াসা মহানগরীর বিভিন্ন এলাকায় যথা- নিউমার্কেট, জুবিলী রোড, বাটালী রোড, লালখান বাজার, কদমতলী, পাঠানটুলী, দেওয়ানহাট, মনছুরাবাদ, আছাবাদ, হালিশহর ইত্যাদি এলাকায় পয়ঃপাইপ লাইন স্থাপন করছে। আগামী ৭০ বছরের চাহিদা বিবেচনা করে এ সকল এলাকায় পয়ঃপাইপ লাইন স্থাপন করা হচ্ছে। রাস্তা কর্তনের মাধ্যমে এ সকল কাজ বাস্তবায়ন করা হচ্ছে বিধায় কিছু কিছু ক্ষেত্রে নগরবাসীকে সাময়িক অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। যার জন্য চট্টগ্রাম ওয়াসা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে। এ সংক্রান্ত যে কোন অভিযোগ/পরামর্শ প্রদানে নিয়োক্ত নম্বরে যোগাযোগ করা যাবে :

হেল্পলাইন নম্বর- ১৬১১৮

মোবাইল নম্বর- ০১৩০২৭৮২০৫৩

কর্তৃপক্ষ

চট্টগ্রাম ওয়াসা

দামপাড়া, চট্টগ্রাম।